তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd
----

**নম্বর:** ২৮.১৩.০০০০.০০০.২৯৮.৪২.০০০২.২৬.৯৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **১.১ শ্রেণিতে নতুন ঠিকাদার তালিকাভুক্তি ও ১.১ শ্রেণি হতে ১.২ শ্রেণিতে ঠিকাদার মান উন্নয়ন।**

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি)-এর আওতাধীন গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ১.১ শ্রেণিতে নতুন ঠিকাদার তালিকাভুক্তি এবং যোগ্যতার ভিত্তিতে ১.১ শ্রেণি হতে ১.২ শ্রেণিতে ঠিকাদার মান উন্নয়নের লক্ষ্যে আগ্রহী ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদারগণের নিকট হতে টিজিটিডিপিএলসি কর্তৃক প্রণীত নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:

**১। আবেদনপত্র সংগ্রহের স্থান:** ৪র্থ তলা, নগদ ও ব্যাংক শাখা, তিতাস গ্যাস ভবন, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

**২। আবেদনপত্র বিক্রয়ের সময়সীমা:** ১৬/০৮/২০২৬ খ্রি. হতে ১৫/১০/২০২৬ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।

**৩। আবেদনপত্র জমাদানের সময়সীমা:** ২০/০৮/২০২৬ হতে ১৯/১১/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা প্রয়োজনে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা যাবে। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**৪। আবেদনপত্র জমাদানের স্থান:** ৯ম তলা, টেন্ডারিং এন্ড এনলিস্টমেন্ট বিভাগ, তিতাস গ্যাস ভবন, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

**৫। আবেদনপত্রের মূল্য (তফসিলসহ):** ৳ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (ফেরতযোগ্য নয়)।

**৬। জামানতের পরিমাণ:** ১.১ শ্রেণির জন্য ৳ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র এবং ১.২ শ্রেণির জন্য ৳ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা মাত্র।

**৭।** ১.১ শ্রেণিতে নতুন তালিকাভুক্তি প্রত্যাশী ঠিকাদার(গণ)-এর গ্যাস পাইপলাইন নির্মাণ/স্থাপন সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতাসহ প্রতিষ্ঠানের মালিককে ন্যূনতম এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**৮।** ১.২ শ্রেণিতে মান উন্নয়ন প্রত্যাশী ঠিকাদার(গণ)-কে টিজিটিডিপিএলসি অথবা পেট্রোবাংলার অধীনস্থ অন্য কোনো বিপণন কোম্পানিতে ১.১ শ্রেণিতে ন্যূনতম ০২ (দুই) বছর যাবৎ তালিকাভুক্ত থেকে সংশ্লিষ্ট কার্য সম্পাদনের অভিজ্ঞতা অর্জন করতে হবে।

**৯।** টিজিটিডিপিএলসি অথবা পেট্রোবাংলার অধীনস্থ অন্য কোনো বিপণন কোম্পানিতে কালোতালিকাভুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিজ্ঞপ্তির আওতায় আবেদন করতে পারবে না।

**১০।** যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা টিজিটিডিপিএলসি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১১।** আবেদনপত্রের সঙ্গে তফসিল মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য কন্ট্রাক্টর এনলিস্টমেন্ট এন্ড কন্ট্রোল সেকশন-এ যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০১৯৫২২৭৭৫৯৮, ০১৫২১৩২৫৪৯৪, ই-মেইল: section.cec@titasgas.org.bd, amce.titas@gmail.com)।

০৯-০৮-২০২৬
সুরঞ্জিত কুমার দে
উপমহাব্যবস্থাপক (টেন্ডারিং ও এনলিস্টমেন্ট বিভাগ )

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মহাব্যবস্থাপক (সকল)।
২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)।
৩। উপমহাব্যবস্থাপক(সকল)।
৪। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৫। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
৬। ব্যবস্থাপক সাধারণ- সকল।